

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৮, ২০১২

[একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ ০১ আশ্বিন ১৪১৯/১৬ সেপ্টেম্বর ২০১২

নং নৌপম/ডিএ/ন্যাঃ মেঃ ইঃ ৩/২০০৫-২১৯—গত ৮-০৫-২০১২ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের উপদেষ্টা কমিটির ১১তম সভা অনুষ্ঠিত হয়। উপদেষ্টা কমিটির ১১তম সভার ৪নং আলোচ্যসূচীতে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ০৯-০৮-২০১০ তারিখের নৌপম/ডিএ নাঃ-১/০৩-৬৯৩ নং প্রজ্ঞাপন বাতিলক্রমে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি নতুন উপদেষ্টা কমিটি (Advisory Committee) পুনঃগঠন করা হলো:

(১)	সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা	সভাপতি
(২)	যুগ্ম-সচিব (১), নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৩)	মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা	সদস্য
(৪)	চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম	সদস্য
(৫)	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন	সদস্য
(৬)	কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম	সদস্য

(১৯৩২৬৫)

মূল্য : টাকা ৪.০০

(৭)	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সদস্য
(৮)	জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়)	সদস্য
(৯)	অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়)	সদস্য
(১০)	প্রতিনিধি, মেসার্স হক এন্ড সন্স লিঃ, আখাবাদ, চট্টগ্রাম	সদস্য
(১১)	প্রতিনিধি, মেসার্স জে. এফ (বাংলাদেশ) লিমিটেড	সদস্য
(১২)	অধ্যক্ষ, ন্যাশনাল, মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম	সদস্য-সচিব

২। উপদেষ্টা কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

- (ক) ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটকে একটি উন্নতমানের নৌ-প্রশিক্ষণ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান;
- (খ) ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটকে প্রশাসনিক কাজে বিদ্যমান বাধাসমূহ দূরীকরণে এবং আর্থিক বিষয়ে দিক নির্দেশনা প্রদান;
- (গ) প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন;
- (ঘ) প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

৩। সভাপতিসহ চারজন সদস্য উপস্থিত থাকলে কমিটি পূর্ণ হবে।

৪। সভাপতির নির্দেশনাক্রমে কমিটি নিয়মিতভাবে প্রতি তিন মাস অন্তর এবং প্রয়োজনে সভাপতির নির্দেশনায় যে কোন সুবিধাজনক সময়ে মিলিত হয়ে প্রতিষ্ঠানের কার্যকলাপ নিয়ে আলোচনা/সিদ্ধান্ত গ্রহণ করবে।

পংকজ কুমার পাল
উপ-সচিব (প্রশাসন-২)।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd